



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১২ জুন ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

### নান্যাচরে সন্ত্রাস্ত্রের সন্ত্রাসী কর্তৃক এক ইউপিডিএফ সদস্যসহ ২ জনকে গুলি করে হত্যা ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির নান্যাচর উপজেলার বেতছড়ি এলাকায় ১৮ মাইল নামক স্থানে জেএসএস সন্ত্রাস্ত্রের সশস্ত্র সন্ত্রাসীরা ইউপিডিএফ সদস্য সত্য চাকমা ওরফে ব্রত (৩০) সহ দুই জনকে গুলি করে হত্যা করেছে। নিহত অপর ব্যক্তির নাম বিষ্ণু কুমার চাকমা (৪২)। আজ ১২ জুন বৃহস্পতিবার সকালে এ ঘটনা ঘটে।

নিহত সত্য চাকমা বরকল উপজেলার সুবলং ইউনিয়নের মাইসছড়ি গ্রামের বাঁশী চাকমার ছেলে ও বিষ্ণু কুমার চাকমা খাগড়াছড়ির লক্ষ্মীছড়ি উপজেলার বক্যাছড়া গ্রামের রবি কুমার চাকমার ছেলে।

এর মধ্যে বিষ্ণু কুমার চাকমা আগে ইউপিডিএফের সাথে যুক্ত থাকলেও বর্তমানে তিনি ১৮ মাইলে মুদি দোকান দিয়ে জীবিকা নির্বাহ করছেন। লক্ষ্মীছড়িতে সেনা-সন্ত্রাস্ত্র মদদপুষ্ট বোরকা পার্টির সন্ত্রাসীদের অত্যাচারের কারণে তিনি পরিবার পরিজন নিয়ে দীর্ঘদিন ধরে ওই এলাকায় বসবাস করে আসছিলেন।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে এ নৃশংস ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।


বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, বৃহস্পতিবার সকাল আনুমানিক সাড়ে ১০টার সময় সত্য চাকমা ১৮ মাইল এলাকায় সাংগঠনিক কাজে বের হন। এ সময় আগে থেকে ওঁৎ পেতে থাকা সন্ত্রাস্ত্রের ১০/১২ জনের একদল সশস্ত্র সন্ত্রাসী খাগড়াছড়ি-রাঙামাটি সড়কের পূর্ব ও পশ্চিম দিক থেকে এসে হানা দিলে সত্য চাকমা পালানোর চেষ্টা করেন। এ সময় সন্ত্রাসীরা ধাওয়া করে তাকে ধরে ফেলে এবং গুলি করে হত্যা করে। এরপর সন্ত্রাসীরা নিজ দোকান থেকে বিষ্ণু কুমার চাকমাকেও ধরে নিয়ে যায়। পরে অর্ধেক রাত্তায় নিয়ে গিয়ে তাকেও গুলি করে হত্যা করে ফেলে যায়। তাদের হত্যার পর সন্ত্রাসীরা রামহরি পাড়ার দিকে পালিয়ে যায়।

এ হত্যাকাণ্ডের ঘটনাকে ন্যাকারজনক ও কাপুরুষোচিত উল্লেখ করে তিনি বলেন, সন্ত্রাস্ত্রের সন্ত্রাসীরা প্রকাশ্যে দিবালােকে এ হত্যাকাণ্ড ঘটিয়ে নারকীয় উল্লাসে মেতে উঠেছে। পার্বত্য চট্টগ্রামের জন্ম জনগণের ঐক্য আকাঙ্ক্ষাকে নস্যাত্ত করার জন্য জেএসএস সন্ত্রাস্ত্র লারমা চক্র সরকার ও সেনাবাহিনীর বিশেষ এজেন্ডা বাস্তবায়নে সশস্ত্র সন্ত্রাসী বাহিনীকে লেলিয়ে দিয়ে এ ধরনের হত্যাকাণ্ড সংঘটিত করছে। সন্ত্রাস্ত্র লারমা ও উষাতন তালুকদারের নির্দেশেই সন্ত্রাসীরা পার্বত্য চট্টগ্রামে খুনের রাজত্ব কায়ম করতে মরিয়া হয়ে উঠেছে বলে তিনি অভিযোগ করেন।

তিন সন্ত লারমা ও উষাতন তালুকদারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, পার্বত্য চট্টগ্রামের জনগণের ঐক্য আকাজক্ষার প্রতি সম্মান দেখিয়ে অচিরেই এ ধরনের ঘণ্য খুন-খারাবির রাজনীতি বন্ধ করুন, নইলে জনগণ এর উপযুক্ত জবাব দেবে।

বিবৃতিতে তিনি সত্য চাকমা ও বিষ্ণু কুমার চাকমাকে হত্যার সাথে জড়িত সন্ত গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসার দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।